মুজিবনগরে প্রশাসনের হস্তক্ষেপে দখল মুক্ত স্বরসতি খাল

অবশেষে প্রশাসনের হস্তক্ষেপে দখল মুক্ত হয়েছে স্বরসতি খাল। গত বুধবার(৯ সেপ্টেম্বর) দখলের সাথে জড়িদের মুজিবনগর উপজেলা প্রশাসনের কার্যালয়ে শোকজ করা হয়েছিল। এ সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার খাল দখলে জড়িতদের সাবধান করে দেন। সেই সাথে সোনাপুর মাঝ পাড়া স্বরসতি খালে জন সাধারণের ব্যবহারে বা মাছ শিকারে কোন ধরণের বাঁধা দিতে নিষেধ করেণ। ভবিষ্যতে কোন প্রতিষ্ঠানের নাম ভাঙিয়ে স্বরসতি খাল ইজারা বা দখল না করার মুচলেকা দিয়ে মুক্তিপান জড়িতরা।

উল্লেখ্য, মুজিবনগরের সোনাপুর মাঝ পাড়া দিয়ে প্রবাহিত প্রায় ২ কিলোমিটার স্বরসতি খাল স্থানীয় একটি মসজিদেও নাম ভাঙিয়ে শাহিন নামের এক মাছ ব্যবসায়ীর কাছে ৩ লাখ ৬৫ হাজার টাকাই ইজারা দেয় স্থানীয় মাতবররা। সোনাপুর মাঝপাড়ার নিয়াজ উদ্দিন একই গ্রামের ওমর আলী সহ বেশ কয়েকজন এই অবৈধ ইজারার সাথে জড়িত ছিল।

এ নিয়ে গত ১৭ আগষ্ট দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায়“মুজিবনগরে স্বরসতি খালে অলিখিত লিজ, সরকারি খাল ইজারা দিলেন মাতবররা” শিরোনামে একটি সংবাদ প্রকাশ করা হয়। বিষয়টি প্রশাসনের নজরে আসলে এ বিষয়ে তদন্ত শুরু করেন মুজিবনগর উপজেলা প্রশাসন। পরে গত বুধবার উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার স্বরসতি খালটি জনগনের জন্য উন্মুক্ত করে দেন।

এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার জানান, আমরা বিভিন্ন মাধ্যমে জানতে পেরেছিলাম সরকারি স্বরসতি খালের কিছু অংশ ইজারা দিয়েছে। এ নিয়ে গত বুধবার ইজারার সাথে জড়িতদের নিয়ে সালিশ হয়। ভবিষ্যতে এই ধরণের কাজ করবে না বলে জানান আমাদের।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে নতুন ৩ জন করোনায় আক্রান্ত :: মোট ৫৮১

মেহেরপুরে নতুন করে আরো ৩ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এর মধ্যে সদর উপজেলায় ২ জন, মুজিবনগরে ১জন। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাড়িয়েছে ৫৮১ জনে।

আজ সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ১৪ টি রিপোটের মধ্যে ৩ টি পজিটিভ। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩৭৮২ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ৬০ (সদর-২৩, গাংনী- ২৬ , মুজিবনগর – ১১) জন।

এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ১৫ জনের। তার মধ্যে সদরে- ৭, গাংনী- ৬, মুজিবনগর- ২)।

সুস্থ হয়েছেন ৪৬৩ (সদর-২৫২, গাংনী -১৬৮, মুজিবনগর- ৪৩) জন । অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ৪০ জনকে।

মুজিবনগর সরস্বতী খালে মাছের পোনা অবমুক্ত করন

মুজিবনগরে সরস্বতী খালে মাছের পোনা অবমুক্তকরন করা হয়েছে।বৃহস্প্রতিবার বেলা সাড়ে এগারোটার দিকে মুজিবনগর পিকনিক কর্নার সরস্বতী খালসহ কয়েকটি খালে মোট ৩৮৪ কেজি মাছ অবমুক্ত করন করা হয়। জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান প্রধান অতিথি

হিসাবে উপস্থিত থেকে মাছের পোনা অবমুক্তকরনের উদ্বোধন করেন।

উপজেলা মৎস্য অফিসের আয়োজনে মাছ অবমুক্তকরন অনুষ্ঠানে এ সময় জেলা মৎস্য কর্মকর্তা সাইফুদ্দিন ইয়া হিয়া, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি, উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, প্রানী সম্পদ কর্মকর্তা ডা. কাজী নজরুল ইসলাম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ জেলা প্রশাসকের কার্যলয়ের ম্যাজিস্ট্রেটবৃন্দ উপস্থিত ছিলেন।

বাগোয়ান ইউনিয়নের উপকারভোগীদের মাঝে বিভিন্ন উপকরণ বিতরণ

২০১৯-২০ অর্থবছরে এলজিএসপি-৩ এর আওতায় করোনা ভাইরাস প্রতিরোধে বাগোয়ান ইউনিয়ন পরিষদের আয়োজনে উপকারভোগীদের মাঝে বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়েছে।

রবিবার বেলা সাড়ে এগারোটার দিকে বাগোয়ান ইউনিয়ন পরিষদ হলরুমে এ উপকরণ বিতরণের আয়োজন করা হয়।

বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ডিএফ (এলজিএসপি-৩) ইকবাল হোসেন।

বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ সভাপতি আব্দুল মোমিন চৌধুরী, মুক্তিযোদ্ধা আয়ুব হোসেন প্রমুখ।

এ সময় বাগোয়ান ইউনিয়নের ২ শত জন উপকারভোগীদের মাঝে মাস্ক, ব্লিচিং পাওডার ও সাবান বিতরণ করা হয়।

মুজিবনগরে ইউএনওর নিরাপত্তায় আনসার মোতায়েন

মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) নিরাপত্তায় ৪ জন সশস্ত্র আনসার সদস্য মোতায়েন করা হয়েছে।

মুজিবনগর উপজেলা নিবার্হী কর্মকর্তা সুজন সরকার শনিবার তার নিরাপত্তায় ৪ জন আনসার সদস্য প্রাপ্তির কথা নিশ্চিত করেন।

তিনি বলেন, শুক্রবার থেকে আনসার মোতায়েন করা হয়েছে। শনিবার সকাল থেকেই তারা দায়ত্ব পালন শুরু করে দিয়েছে। আনসার সদস্যরা উপজেলা নির্বাহী অফিসারের সরকারি বাসভবনের সামনে ও ব্যাক্তিগত গার্ড হিসাবে দায়িত্ব পালন করবে।

প্রসঙ্গত, গত বুধবার মধ্যরাতে দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলা নির্বাহী অফিসার ওয়াহিদা খানম ও তার বাবার উপর বর্বরোচিত হামলার ঘটনা ঘটে। গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন ইউএনও ওয়াহিদা খানমকে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দেখতে গিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তাদের নিরাপত্তার দায়িত্বে তাদের সরকারি বাসভবনে আনসার নিয়োগ দেয়া হবে বলে জানান।

মেহেরপুরে নতুন একজন করোনায় আক্রান্ত, মোট ৫৪৯ জন

মেহেরপুরে আজ নতুন করে ◌্নএক করোনায় আক্রান্ত হয়েছেন। তিনি গাংনী থানার বাসিন্দা। এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৫৪৯ জন। আজ সন্ধায় মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ৩৩ টি রিপোটের মধ্যে ১ টি পজিটিভ। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩৫৮৯ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ৯২ জন। (সদর ৩৯, গাংনী ৩০, মুজিবনগরে ২৩) জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়ে- ১২ জন। (সদর-৬, গাংনী- ৫, মুজিবনগর -১)। সুস্থ হয়েছেন ৪০২ জন । অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ৩৮ জনকে।

মুজিবনগরে বাড়ির সামনে বালি রেখে নির্মাণকাজে বাঁধা দেওয়ার অভিযোগ

মেহেরপুরের মুজিবনগরে সজিবুল হকের বাড়ির সামনে বালি রেখে নির্মাণকাজে বাঁধা দেওয়ার অভিযোগ উঠেছে প্রতিবেশি ফিতাজ মল্লিকের উপর। বালি সরানোর জন্য বারবার বলেও কাজ হয়নি উল্টো হুমকি দিয়েছে বলে জানিয়েছে ভুক্তভোগী সজিবুল।

সজীবুল মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারের রেজাউল হক এর ছেলে। তিনি পেশায় একজন ডাক্তার। এ বিষয়ে তিনি বলেন, ২০১১ সালে কেদারগঞ্জ বাজারের মৃত নফর মল্লিকের ছেলে আবুল হোসেন মল্লিক ও তার ছোট ভাই ফিতাজ মল্লিক এর কাছে থেকে দুই শতকের কম জমি ক্রয় করা হয়। পরবর্তীত্বে ফিতাজ মল্লিক জোর করে ১০ ফুট জমি দখল করলে তার নামে আদালতে মামলা দায়ের করি। মেহেরপুর জেলা জজ কোট আদালতে আপোষ মিমাংসার মাধ্যমে আমরা জমি ফিরে পাই।

কয়েক দিন আগে হঠাৎ করে ফিতাজ মল্লিক আমাদের বিল্ডিং এর সামনে বালি ফেলে বিল্ডিং নির্মাণ কাজে বাধা প্রদান করছে। এ বিষয়ে তার সাথে কথা বলতে গেলে সে আমাদের নানা ধরনের হুমকি প্রদান করে।

এ বিষয়ে অভিযুক্ত ফিতাজ মল্লিক এর সাথে কথা বললে তিনি জানান, আমার পিলারের উপরে তাদের পিলার দিয়ে দুই তলা বিল্ডিং করেছে। এখন সেটা ভেঙে ফেলতে হবে তা না হলে আমি বালি সরাবো না। বিল্ডিং এর

কোন কাজও করতে দেবো না।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আবুল হাসেম জানান, এবিষয়ে আমাদের কাছে কেউ অভিযোগ করলে আমরা আইনগত ব্যবস্থা গ্রহণ করবো।

মুজিবনগরে কর্মদক্ষতা শীর্ষক সেমিনার

মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী ইসতেহার অনুযায়ি প্রতি উপজেলা হতে প্রতি বছর গড়ে ১ হাজার জন দক্ষ কর্মী বিদেশে কর্মসংস্থানের জন্য মুজিবনগরে দক্ষতা ও সচেতন শীর্ষক প্রচার, প্রেস ব্রিফিং ও সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা এগারোটার দিকে মুজিবনগর উপজেলা পরিষদ মিলনয়াতনে দিনব্যাপী এ সেমিনার অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে দিনব্যাপী সেমিনারের উদ্বোধন করেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তুষার কান্তি পাল।

এ সময় অন্যদের মধ্য উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান বায়েজীদ, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে দিনব্যাপী সেমিনারে ব্রিফিং দেন মেহেরপুর কারিগরি প্রশিক্ষন কেন্দ্রের অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার।

উক্ত সেমিনারে উপজেলা পরিষদের কর্মকর্তাবৃন্দ, ইউপি সদস্যগন, শিক্ষকবৃন্দ, সাংবাদিকরা অংশ নেন।

মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের বৃক্ষরোপণ কর্মসূচি

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়েছে। রবিবার সকালে বিদ্যালয় প্রাঙ্গণে বৃক্ষরোপণ করে এ কর্মসূচির উদ্বোধন করা হয়।

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মসূচির উদ্বোধন করেন। এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চান্দু, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি কামারুল ইসলাম, মুজিবনগর উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার আমজাদ হোসেন,

জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরন, জেলা নবীনলীগের সভাপতি আব্দুল্লাহ আল মামুন, মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম রাজিব, মোনাখালী ত্রান কমিটির সভাপতি সেলিম রেজা মিঠু প্রমুখ।

মেপ্র/এমএফআর

মুজিবনগরে ফেনসিডিলসহ এক মাদক কারবারী আটক

মুজিবনগরে ৮১ বতল ফেনসিডিলসহ কামাল হোসেন(৩৫) নামের একজন মাদক কারবারীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

রবিবার ভোর সাড়ে পাঁচটার দিকে মুজিবনগর উপজেলার বাগোয়ান তিন রাস্তার মোড় থেকে তাকে আটক করা হয়।

আটককৃত কামাল হোসেন মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল রাস্তা পাড়ার মহিদুল ইসলামের ছেলে।

মুজিবনগর থানা সূত্রে জানা গেছে, আসামী হুদা পাড়ার দিক থেকে আনন্দবাস হয়ে বাগোয়ান ক্রস করে মাদক চালান দেবে এমন গোপন সংবাদের ভিত্তিতে এসআই মোমিনুর রহমানের নেতৃত্বে এএসআই এসএম আলিফসং সংগীয় ফোর্স সেখানে অভিযান চালায়।

অভিযান চলাকালীন সময় বাগোয়ান মোড়ের কাছে তাদের দেখতে পৌছালে পুলিশের গাড়ির সিগনাল পাই। পরে তারা পালাতে যেয়ে মটরসাইকেল সহ পড়ে যায়। এমন অবস্থায় মটরসাইকেল চালক পালিয়ে যায় এবং তার পিছনে থাকা আসামি মাটিতে পড়ে থাকে।

পরে পুলিশ যেয়ে তাকে হাতেনাতে ফেনসিডিলসহ আটক করে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান, গোপন সংবাদের ভিত্তিতে আনন্দবাস, বাগোয়ান এলাকায় অভিযান চালানো হয়। অভিযান চলাকালীন সময় আসামীর কাছ থেকে ৮১ বতল ফেনসিডিলসহ হাতেনাতে আটক করা হয়।

তার নামে মুজিবনগর থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দেওয়া হবে। এবং পালাতক আসামীকে আটক করার জন্য চেষ্টা চলছে।